

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ আকিদা'হ ও তাওহীদ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মায়ের পেটে কোন সন্তান আছে, তা আল্লাহ ছাড়া কেউ জানে না। কিন্তু বর্তমানে তো যন্ত্র দ্বারা বলা সম্ভব হয়েছে। তাহলে কি কুরআনের ব্যাখ্যা ভুল করা হয়েছে?

না, কুরআনের বক্তব্য ও ব্যাখ্যা ঠিকই আছে, আল্লাহ ছাড়া কেউ অদৃষ্টের খবর জানে না। কোন যন্ত্রের দ্বারা অদৃশ্যের বস্তুকে দৃশ্য করে দেখার নাম অদৃশ্যের খবর জানা নয়, বরং বিনা কোন মাধ্যম বা অসীলায় কোন অদৃশ্যের খবর বলে দেওয়াকে 'গায়েব জানা' বলা হয়। আপনার পেটের উপর জামা-গেঞ্জির ভিতরে কি বাঁধা আছে আমি জানি না, বিনা অসিলায় তা বলে দিতে পারলে আমি গায়েব-জান্তা। কিন্তু কোন যন্ত্র লাগিয়ে বলে দিলে আমি গায়েব-জান্তা নই।

এইভাবেই মহানবী (সঃ) গায়েব জানতেন না। কিন্তু তিনি অনেক গায়েবের খবর বলেছেন। যেহেতু তিনি ওহীর মাধ্যমে বলেছেন, তাই গায়বী খবর বলা সত্ত্বেও তিনি 'গায়েব-জান্তা' ছিলেন না। 'গায়েব-জান্তা' কেবল মহান আল্লাহ। তিনি বলেছেন,

বল, 'আল্লাহ ব্যতীত আকাশমণ্ডলী ও পৃথিবীতে কেউই অদৃশ্য বিষয়ের জ্ঞান রাখে না এবং ওরা কখন পুনরুখিত হবে। (তাও) ওরা জানে না'(নামলঃ ৬৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=25

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন